



## রাজধানীর তেজগাঁও লিংক রোডে সাউথ বাংলা ব্যাংকের শাখা উদ্বোধন

রাজধানী ঢাকার গুলশান-তেজগাঁও লিংক রোডে সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স (এসবিএসি) ব্যাংক লিমিটেডের ৮৪তম শাখা উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন- বিশিষ্ট শিল্পপতি ও ব্যাংকের চেয়ারম্যান আবদুল কাদির মোলা। ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোসলেহ উদ্দীন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- ব্যাংকের পরিচালক ইঞ্জিনিয়ার মোঃ মোখলেসুর রহমান ও আনোয়ার হোসেন। অনুষ্ঠানে রানার গ্রন্থপের চেয়ারম্যান হাফিজুর রহমান খান, এডিসন গ্রন্থপের চেয়ারম্যান আমিনুর রশিদ, পারটেক্স স্টার গ্রন্থপের সিএফও মোস্তাফা কামাল এফসিএ, ফিট এলিগেন্সের চেয়ারম্যান রশ্মানা রশিদ ও ব্যবস্থাপনা পরিচালক তানভির জিয়াউল রশিদসহ বিশিষ্ট ব্যবসায়ী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য রাখেন ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এম. শামসুল আরেফিন। এছাড়াও ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক মোঃ আলতাফ হোসেন ভুঁইয়া, প্রিন্সিপাল শাখা ব্যবস্থাপক ও এসইভিপি মোঃ নুরুল আজিম, উত্তরা শাখার ব্যবস্থাপক ও এসইভিপি মনজুরুল করিম, প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগীয় প্রধান ও শীর্ষ নির্বাহীরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে আবদুল কাদির মোলা বলেন, আধুনিক ও প্রগতিশীল ব্যাংকিং ধারাকে আরও গতিশীল করার মহৎ প্রত্যয় নিয়ে আমরা রাজধানীর ঐতিহ্যবাহী শিল্প এলাকা তেজগাঁও-এ ব্যাংকিং কার্যক্রম শুরু করছি। আমাদের ব্যাংকের সার্বিক কার্যক্রম গ্রাহকবান্ধব ও জবাবদিহিমূলক। আমরা বিশ্বাস করি, আমানত-কারীরাই ব্যাংকের প্রকৃত মালিক। তাদের স্বার্থ রক্ষায় আমরা পাহারাদারের ভূমিকা পালন করছি। তিনি আরও বলেন, সাউথ বাংলা ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ দৃঢ়তা ও নিষ্ঠার সাথে তার কার্যক্রম পরিচালনা করে আসছে। আমরা সবসময় গ্রাহকের সন্তুষ্টিতে সর্বাধিক প্রাধান্য দিয়ে কাজ করে থাকি।

ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী মোসলেহ উদ্দীন আহমেদ বলেন, চতুর্থ প্রজন্মের ব্যাংক হলেও আমরা সবধরনের ব্যাংকিং সেবা প্রদানে বদ্ধপরিকর। আমরা ব্যাংকের সেবা প্রদানে ব্যবহার করছি বিশ্বমানের প্রযুক্তি। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার যথাযথভাবে পরিপালন করে আমরা যাবতীয় কার্যক্রম পরিচালনা করে থাকি। আমানত গ্রহণ, ঋণ বিতরণ, আমদানি-রফতানি, রেমিট্যান্স পরিসেবাসহ সবধরনের সেবা আমরা প্রদান করছি। সপ্তাহে ৭দিন ২৪ঘণ্টা অর্থ স্থানান্তর, ক্রেডিট কার্ডের বিল জমা, কেনাকাটা, ইউটিলিটি বিল পরিশোধ, কিআর কোড ব্যবহারে অর্থ উত্তোলনসহ বিকাশে টাকা প্রেরণে আমাদের রয়েছে, মোবাইল ওয়ালেট সার্ভিস 'বাংলাপে'। যা লেনদেন ব্যবস্থায় এক যুগান্তকারী পদক্ষেপ হিসেবে বিবেচিত ও প্রশংসিত। প্রচলিত ব্যাংকিং সেবার পাশাপাশি আমরা ইসলামী ব্যাংকিং সেবাও প্রদান করছি। আমাদের ব্যাংকের পরিচালনা পর্ষদ অত্যন্ত দায়িত্বশীল; তাদের দিকনির্দেশনায় ব্যাংকটি সঠিক পথে এগিয়ে চলছে।